

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৬৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি অন্য কোন সূরা কিরা'আত করতে পারবে না, তখন তার জন্য সূরা বাকারার শেষ আয়াত যথেষ্ট হয়ে যাবে

ذِكْنُ الِاكْتِفَاءِ لِقَائِمِ اللَّيْلِ بِقِرَاءَةِ آخِرِ سُورَةِ الْبَقَرَةِ إِذَا عَجَزَ عَنْ غَيْرِهِ

আরবী

الصفحة أو الرقم: 2566 | خلاصة حكم المحدث: صحيح ـ

قَالَ أَبُو حَاتِمٍ: سَمِعَ هَذَا الْخَبَرَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ يَزِيدَ عَنْ عَلْقَمَةَ عَنْ أَبِي مَسْعُودٍ ثُمَّ لَقِيَ أَبُا مَسْعُودٍ فِي الطَّوَافِ فَسَأَلَهُ فَحَدَّثَهُ بِهِ.

বাংলা

২৫৬৬. আবূ মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যে ব্যক্তি রাতে সূরা বাকারার শেষ দুই আয়াত পাঠ করবে, সেটাই তার জন্য যথেষ্ট হবে।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "আব্দুর বিন ইয়াযিদ এই হাদীসটি আলকামার মাধ্যমে আবূ মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে শ্রবণ করেন তারপর তিনি তাওয়াফ করার সময় আবূ মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে হাদীসটি শ্রবণ করেন অতঃপর তিনি তার সূত্রে হাদীস বর্ণনা করেন।"

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/১২২; সহীহ আল বুখারী: ৫০০৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ১১৯৯; আত তায়ালিসী: ২/১০;



সহীহ মুসলিম: ৮০৭; আবূ দাউদ: ১৩৯৭; তিরমিযী: ২৮৮১; ইবনু মাজাহ: ১৩৬৯; দারেমী: ১/৩৪৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবৃ দাউদ: ১২৬৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন